



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/3/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল প্রয়াত অবসরপ্রাপ্ত সিনিয়র গোয়েন্দা নিকোলাস এ. জর্জেডিসের  
সম্মানে পতাকাসমূহ অর্ধনমিত রাখার নির্দেশ দিলেন

*4 এবং 5 মে তারিখে পতাকাসমূহ অর্ধনমিত থাকবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে প্রয়াত অবসরপ্রাপ্ত সিনিয়র গোয়েন্দা  
নিকোলাস এ. জর্জেডিসের সম্মানে 4 এবং 5 মে তারিখে স্টেটের ভবনসমূহের পতাকা  
অর্ধনমিত থাকবে।

"সিনিয়র গোয়েন্দা নিকোলাস এ. জর্জেডিসকে হারিয়ে নিউ ইয়র্ক স্টেট একজন সত্যিকারের  
নায়ককে হারিয়ে ফেলেছে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কের মানুষের প্রতি তার  
প্রতিশ্রুতি এবং সেবার জন্য সিনিয়র গোয়েন্দা নিকোলাস এ. জর্জেডিসকে চিরদিন মনে রাখা  
হবে, এবং আমরা তাদের কথা কখনোই ভুলবো না যাদের জীবন 11 সেপ্টেম্বর দ্বারা পরিবর্তিত  
হয়েছে এবং এখনো প্রভাবিত হচ্ছে।"

11 সেপ্টেম্বর, 2001 এ সন্ত্রাসী হামলার পরবর্তীতে বিশ্ব বাণিজ্য কেন্দ্রে এবং এর আশেপাশে তার  
অ্যাসাইনমেন্টের ফলে সৃষ্ট একটি অসুস্থতার কারণে সিনিয়র গোয়েন্দা নিকোলাস এ. জর্জেডিস  
28 এপ্রিল, 2023 তারিখে মৃত্যুবরণ করেন। 21 বছরের নিবেদিত দায়িত্ব পালনের পর তিনি 28  
নভেম্বর, 2018 তারিখে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) থেকে অবসর গ্রহণ  
করেন। সিনিয়র গোয়েন্দা জর্জেডিস নিউ ইয়র্কের উইল্টনের বাসিন্দা, এবং তিনি স্ত্রী ও তিন  
সন্তান রেখে গেছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবক্রাইব করুন](#)